

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৭৪. এ সালাতের ফ্যীলত কি?

- (১) নবী (স) একদিন ফজরের সালাতের সময় বেলাল (রা.)-কে জিঞ্জেস করলেন, হে বেলাল! ইসলাম গ্রহণের পর তুমি এমনকি আমল কর যা সর্বাধিক সন্তোষজনক? কেননা, আমাকে যখন (মিরাজের রাতে) জান্নাত দেখানো হলো তখন আমি সেখানে তোমার জুতা পায়ে দিয়ে হাঁটার আওয়াজ পেয়েছি। দিনে-রাতে তুমি এমন কি আমল কর (যা তোমাকে জান্নাতে যাওয়ার ব্যাপারে অধিকতর আশ্বস্ত করে?) উত্তরে বেলাল (রা) বললেন, রাতে বা দিনে যখনই আমি পবিত্রতা অর্জন (অর্থাৎ ওযু বা গোসল) করি তখনই দুই রাকআত (তাহিয়্যাতুল ওযূর) সালাত আদায় করি।(বুখারী: ১১৪৯)
- (২) নবী (স) আরো বলেন, যে ব্যক্তি আমার মতো করে ওযু করে দু'রাকআত সালাত আদায় করবে, মনে অন্য কোন চিন্তা আনবে না, আল্লাহ তার পূর্বের সকল গুনাহ ক্ষমা করে দেবেন। (বুখারী: ১৬৪)।
- (৩) যেকোন মুসলিম সুন্দর করে ওযু করে অন্তর ও চেহারা পূর্ণ মনোনিবেশ করে দু'রাকআত (তাহিয়্যাতুল ওযূর) সালাত আদায় করবে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে।(মুসলিম, সলাতুল মুমিন পৃ. ১/৩৮৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12960

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন